সংবাদ

তারিখ ... SEP 3 2006
পৃষ্ঠা ১২ কলাম ৩




কার্জন হলের শতবর্ষ পূর্তি ও আন্তর্জাতিক পদার্থ বর্ষ ২০০৫ উপলক্ষে গতকাল কার্জন হল মিলনায়তনে 'আওয়ার আলমা মেটার' গ্রন্থের মোড়ক উন্মোচন করেন সাবেক প্রধান বিচারপতি মুহাম্মদ হাবিবুর রহমান -সংবাদ

### বিজ্ঞানীদের মিলনমেলায় মুখরিত কার্জন হল

# বিজ্ঞানের উৎকর্ষ ও গবেষণায় পৃষ্ঠপোষকতার আহ্বান

বিশ্ববিদ্যালয় বার্তা পরিবেশক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্জন হলের শতবর্ষ পূর্তি, আন্তর্জাতিক পদার্থ বর্ষ ২০০৫ এবং আইনস্টাইনের আপেক্ষিক তত্ত্বের শতবর্ষ পূর্তি উপলক্ষে গতকাল কার্জন হলে বসেছিল দেশের বিশিষ্ট বিজ্ঞানীদের মিলনমেলা। মিলনমেলায় বক্তারা বলেন, রাজনৈতিক অস্থিরতা সত্ত্বেও এ দেশে বিজ্ঞান চর্চা অব্যাহত রয়েছে। বিজ্ঞানের উৎকর্ষ সাধন ও গবেষণার উন্নয়নে পৃষ্ঠপোষকতা প্রয়োজন। বিজ্ঞানের উৎকর্ষ সাধন দেশের সার্বিক উন্নয়নে সহায়ক হবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এসএমএ ফায়েজ, উপ-উপাচার্য অধ্যাপক

মুখরিত : পৃ: ২ ক: ৮

## মুখরিত : কার্জন হল

(১২ পৃষ্ঠার পর)

আ ফ ম ইউসুফ হায়দার, আণবিক শক্তি কমিশনের সাবেক চেয়ারম্যান ড. আনোয়ার হোসেন, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক তাজমেরী এসএ ইসলাম, স্পার্সো'র সাবেক চেয়ারম্যান ড. ফারুক আজিজ খান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক আরআইএম আমিনুর রশিদসহ দেশের বিশিষ্ট বিজ্ঞানীরা এ অনুষ্ঠানে যোগ দেন। বিজ্ঞানীদের পদচারণায় মুখরিত হয়ে ওঠে কার্জন হল প্রাঙ্গণ।

শতবর্ষ পূর্তির এ অনুষ্ঠানে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্জন হল মিলনায়তনে আলোচনা সভা, গ্রন্থ প্রকাশনাসহ বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়। ঢাকা ফিজিক্স গ্রুপ এসব অনুষ্ঠানের আয়োজন করে।

সভায় প্রধান অতিথি ছিলেন সাবেক তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা বিচারপতি এম. হাবিবুর রহমান। বিশেষ অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এসএমএ ফায়েজ। মূল প্রবন্ধ উপস্থাপন করেন যুক্তরাষ্ট্রের এলিজাবেথ সিটি স্টেট ইউনিভার্সিটির পদার্থবিজ্ঞান বিভাগের সাবেক অধ্যাপক আবদুল লতিফ চৌধুরী। সভাপতিত্ব করেন ঢাকা ফিজিক্স গ্রুপের সভাপতি ও ব্যাংক এশিয়ার চেয়ারম্যান এম. সাইদুজ্জামান।

প্রধান অতিথি সাবেক প্রধান বিচারপতি এম. হাবিবুর রহমান বলেন, এ দেশে রাজনৈতিক অস্থিরতা সত্ত্বেও বিজ্ঞান চর্চা অব্যাহত রয়েছে। দেশে বিজ্ঞানের উৎকর্ষ সাধন ও গবেষণার উন্নয়নে যথাযথ পৃষ্ঠপোষকতা প্রয়োজন। বিজ্ঞানের উৎকর্ষ সাধন দেশের সার্বিক উন্নয়ন সহায়তা করবে। তিনি নিজ নিজ অবস্থান থেকে বিজ্ঞানের ক্ষেত্রে পৃষ্ঠপোষকতা করতে সমাজের উচ্চবিত্তদের প্রতি আহ্বান জানান।

উপাচার্য অধ্যাপক এসএমএ ফায়েজ বলেন, কার্জন হল শুধু ঢাকা বিশ্ববিদ্যালয় বা বিজ্ঞান অনুষদের ঐতিহ্য নয়। আন্তর্জাতিক অঙ্গনেও এর বিশেষ পরিচিতি রয়েছে। বিভিন্ন সময়ে বিশ্বের বিভিন্ন বিখ্যাত বিজ্ঞানীদের পদচারণা ঘটেছে এ কার্জন হলে। তিনি বিজ্ঞানের উৎকর্ষ সাধনের মাধ্যমে দেশের আর্থ-সামাজিক উন্নয়নে ভূমিকা রাখতে বিজ্ঞানীদের প্রতি আহ্বান জানান।

বাংলাদেশ আণবিক শক্তি কমিশনের সাবেক চেয়ারম্যান ড. আনোয়ার হোসেন বলেন, আধুনিক পদার্থবিজ্ঞানে সত্যেন বোস বিশেষ স্থান দখল করে আছেন।

অনুষ্ঠানে বক্তারা কার্জন হলের ইতিহাস তুলে ধরেন। অনুষ্ঠানে ঢাকা ফিজিক্স গ্রুপ প্রকাশিত 'আওয়ার আলমা মেটার' নামে একটি গ্রন্থের মোড়ক উন্মোচন করা হয়। সাবেক বিচারপতি এম. হাবিবুর রহমান মোড়ক উন্মোচন করেন।